

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।

লক্ষীপুর জেলার ট্রেড প্রশিক্ষণ (সেলাই ও এমব্রয়ডারী) কার্যক্রম এর ই-মনিটরিং অফিস পরিদর্শন এর রিপোর্ট

ই-মনিটরিং এর তারিখঃ ০৫-০১-২০২৩ খ্রি:

ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবীঃ জনাব সায়রা পারভীন, উপপরিচালক, জামস
জনাব মুহাম্মদ আনোয়ার পাশা, জেলা কর্মকর্তা, লক্ষীপুর
জনাব মোঃ ইব্রাহিম খলিল, মাঠ সমন্বয়কারী, লক্ষীপুর
জনাব মোছা: হালিমা খাতুন, সাঁট মুদ্রাস্থরিক, লক্ষীপুর
জনাব বুবলী রাণী কুরী, ট্রেড প্রশিক্ষক, লক্ষীপুর

ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস^১/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রমঃ জাতীয় মহিলা সংস্থা, লক্ষীপুর জেলা কার্যালয়।

ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস^১/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম

এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী:

জনাব মুহাম্মদ আনোয়ার পাশা, জেলা কর্মকর্তা

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিদর্শিত বিষয়সমূহঃ

১. অদ্য বেলা ১২.০০ ঘটিকায় ই-মনিটরিং এর মাধ্যমে লক্ষীপুর জেলা কার্যালয় পরিদর্শন করি।
২. পরিদর্শনকালে জেলা কর্মকর্তাসহ সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন।
৩. পরিদর্শনকালে ১৩ জন ট্রেড প্রশিক্ষার্থী উপস্থিত ছিলেন। উক্ত কার্যালয়ে মোট ১৮টি সেলাই মেশিন আছে, এর মধ্যে ৯টি সচল এবং ৯টি নষ্ট। প্রশিক্ষার্থীদের ভাতা নগদ একাউন্টে আসে।
৪. জেলায় বছরে ৪ বার উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। ১ম উঠান বৈঠক সেপ্টেম্বরে এবং ২য় উঠান বৈঠক ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হয়েছে। ডিসেম্বর মাসের উঠান বৈঠকে উপস্থিতি ৩০ জন।
৫. ১ম কোয়ার্টার এর শুদ্ধাচার মিটিং ২৭/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। অংশগ্রহণ করেছে ৫ জন। ২য় কোয়ার্টার মিটিং ২৯/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়, অংশগ্রহণকারী ২৫ জন।
৬. বাসা ভাড়া করা বাড়ীতে অফিসটি অবস্থিত। অফিসে কক্ষ ৪টি, বাথরুম ২টি। একটি বাথরুম খুবই অপরিচ্ছন্ন দেখা গেছে।

সুপারিশ/মন্তব্যঃ

১. প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করার বিষয়ে সচেতন থাকার জন্য বলা হলো।
২. নষ্ট সেলাই মেশিনগুলো মেরামত করে ব্যবহার উপযোগী করার পরামর্শ দেয়া হলো।
৩. উঠান বৈঠকে উপস্থিতি কম থাকায় এ বিষয়ে সচেতন হওয়ার পরামর্শ দেওয়া হলো।
৪. শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে অংশীজনদের নিয়ে সভা করার পরামর্শ দেওয়া হলো।



(সায়রা পারভীন)

উপপরিচালক (প্রকল্প)

জাতীয় মহিলা সংস্থা।